

নং-১৬.০০.০০০০.০২২.৩০.০০১.২৩.২২২


তারিখঃ ১১ আষাঢ় ১৪৩৩
২৫ জুন ২০২৬

বিষয়: অনুমোদনবিহীন এজেন্সি বা গ্রুপ বা কাফেলার হজ কার্যক্রমের প্রচারণা বিষয়ে সতর্কীকরণ বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ে হজে গমনেচ্ছু ব্যক্তি ও সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অনুমোদনবিহীন এজেন্সি বা গ্রুপ বা কাফেলা নামীয় কিছু প্রতিষ্ঠান ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে আকর্ষণীয় হজ প্যাকেজ ঘোষণা করে পবিত্র হজে গমনেচ্ছু ব্যক্তিদের প্রলুব্ধ করার চেষ্টা করছে। প্রকৃতপক্ষে সরকার অনুমোদিত বৈধ লাইসেন্সধারী ও তালিকাভুক্ত যোগ্য হজ এজেন্সি ব্যতীত অন্য কোন এজেন্সি বা এজেন্ট বা গ্রুপ বা কাফেলার হজ কার্যক্রম পরিচালনার সুযোগ নেই এবং তাদের মাধ্যমে হজে গমন সম্ভব নয়।

০২। এমতাবস্থায়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের তালিকাভুক্ত যোগ্য হজ এজেন্সি ব্যতীত অন্য কোন এজেন্সি বা ট্রাভেল এজেন্ট বা গ্রুপ বা কাফেলার সাথে হজ সংশ্লিষ্ট আর্থিক লেনদেন না করার জন্য হজে গমনেচ্ছু সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৩। উল্লেখ্য, ২০২৭ সালের হজ প্যাকেজ ও গাইড লাইন শীঘ্রই ঘোষণা করা হবে। প্রকাশিত হজ প্যাকেজ ও গাইড লাইন অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


২৫/০৬/২০২৬

খান শাহানুর আলম

সিনিয়র সহকারী সচিব

ফোন: +৮৮০২-৫৫১০১১১৯

e-mail sas_umrah@mora.gov.bd

বিতরণ: সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা
২. চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।
৩. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বহল প্রচারের অনুরোধসহ)।
৪. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা (সকল পরিচালক/উপপরিচালকগণকে অবহিতকরণের অনুরোধসহ)
৫. মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৬. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা
৭. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
৮. জেলা প্রশাসক (সকল)..... জেলা (বহল প্রচারের অনুরোধসহ)।
৯. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০. সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১. জনসংযোগ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারের অনুরোধসহ)
১২. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা (সংশ্লিষ্ট সকলের নিকট বিজ্ঞপ্তি প্রেরণ ও প্রচারের অনুরোধসহ)।
১৩. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ঢাকা (পত্রটি হজ পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
১৪. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার, সকল হজ এজেন্সি
১৫. অফিস কপি